গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০৪.২০ - ৫৫৬

তারিখঃ ১২ কার্তিক ১৪২৮ / ২৮ অক্টোবর ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থবছরের সরকারি অনুদানে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব জমাদানের সময় বৃদ্ধি সংক্রান্ত

২০২১-২২ অর্থবছরে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সরকারি অনুদান প্রদানের উদ্দেশ্যে কাহিনী ও চিত্রনাট্য বাছাইয়ের জন্য প্রযোজক/পরিচালক/চলচ্চিত্র নির্মাতা/চলচ্চিত্র ব্যক্তিত্ব/সংশ্লিষ্ট বিষয়ে পেশাদার প্রতিষ্ঠান/লেখক/ চিত্রনাট্যকারদের নিকট থেকে চলচ্চিত্র নির্মাণের প্যাকেজ প্রস্তাব আহবান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি গত ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখে তাঁর পত্রিকায় প্রকাশিত হয়।

০২। বর্তমান বৈশ্বিক মহামারী করোনা পরিস্থিতির কারণে বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী অপরিবর্তীত রেখে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের সময়সীমা আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ৩০ অক্টোবর ২০২১ তারিখে ০১ (এক)দিনের জন্য প্রতিটি সংস্করণে প্রকাশের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি এবং ০৩(তিন) কপি বিল এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইহা একটি সরকারি বিজ্ঞপ্তি বিধায় সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিস থেকে প্রাপ্ত চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

সংযুক্ত: ১টি বিজ্ঞপ্তি।

[signature] ২৮/১০/২০২১

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail: sas.flm@moi.gov.bd

প্রাপক:

০১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০ কাওরান বাজার, ঢাকা-১২২৫।

০২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা।

০৩। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের সময়, ১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

০৪। বিজ্ঞাপন ম্যানেজার, The Bangladesh Today, বিটিটিসি বিল্ডিং (লেভেল-০৩), ২৭০/বি, তেজগাঁও, আই/এ, ঢাকা-১২০৮।

অনুলিপি:

০১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি যথাযথভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০২। সিস্টেম অ্যানালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০৪১.০২.০০৪.২০ - ৫৫৭

তারিখঃ ১২ কার্তিক ১৪২৮ / ২৮ অক্টোবর ২০২১

**সরকারি অনুদানে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব জমাদানের সময় বৃদ্ধি।**

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা এবং মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য ২০২১-২২ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের উদ্দেশ্যে কাহিনী ও চিত্রনাট্য বাছাইয়ের জন্য প্রযোজক/পরিচালক/চলচ্চিত্র নির্মাতা/চলচ্চিত্র ব্যক্তিত্ব/সংশ্লিষ্ট বিষয়ে পেশাদার প্রতিষ্ঠান/লেখক/ চিত্রনাট্যকারদের নিকট থেকে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের নিমিত্ত কতিপয় শর্তে গত ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের শেষ সময় ৩১ অক্টোবর ২০২১ তারিখ নির্ধারিত ছিল।

০২। বর্তমান বৈশ্বিক মহামারী করোনা পরিস্থিতির কারণে বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী অপরিবর্তীত রেখে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব জমাদানের সময়সীমা আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২৮/১০/২০২১

(মো: সাইফুল ইসলাম)
উপসচিব